



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.warpo.gov.bd



সভাপতি	মোহাম্মদ আলমগীর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য)
সভার তারিখ	২৫ মার্চ, ২০২৪ খ্রিঃ
সভার সময়	দুপুর ২:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, ওয়ারপো
উপস্থিতি	সংযুক্ত

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.২ বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৫ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ২:০০ ঘটিকায় ওয়ারপোর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য) ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর সভাপতিত্বে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)’র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় ওয়ারপোর সিটিজেন চার্টার সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতিঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১।	বাংলাদেশ পানি আইন ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ এর উপর জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বহল প্রচারের ব্যবস্থা করতে হবে।	বিগত ২২/০২/২০২৪ খ্রিঃ সোনারগাঁও উপজেলা পরিষদে এবং ২৮/০২/২০২৪ খ্রিঃ ব্রাহ্মণপাড়া উপজেলায় বাংলাদেশ পানি আইন ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ এর উপর কর্মশালা আয়োজন করা হয়েছে।
২।	পানি সম্পদ খাতে সংশ্লিষ্ট প্রকল্পের ছাড়পত্র এবং ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র প্রদানের নিমিত্ত প্রস্তুতকৃত অনলাইন টুলস ২টির ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রচারের ব্যবস্থা করতে হবে।	বিগত ১৯/০২/২০২৪ খ্রিঃ ওয়ারপোর সম্মেলন কক্ষে “পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র প্রদান ও ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র প্রদানের জন্য প্রস্তুতকৃত অনলাইন সিস্টেমসমূহ রক্ষণাবেক্ষণ, উন্নতকরণ, অবহিতকরণ ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সুবিধাভোগীদের সাথে অনলাইন টুলসসমূহের ব্যবহার” শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে।

সভার সিদ্ধান্তঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
--------------	-----------	--------------------------

১।	বাংলাদেশ পানি আইন ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ এর উপর জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২টি কর্মশালা আয়োজন করতে হবে।	পরিচালক (পরিকল্পনা) / পরিচালক (কারিগরি)
২।	সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্যদের নিয়ে সেবা প্রদান পরিকল্পনা হালনাগাদ করনের লক্ষ্যে ১ টি সভা আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট

সভায় আর কোনকিছু আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

M. M. Amin

২৭-০৩-২০২৪

মোহাম্মদ আলমগীর

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য)

৪৪৮১৯০০৯

ps0_env@warpo.gov.bd

১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০২.০০০০.০০৯.১৮.০০১.২২.৬৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য), পরিবেশ, বন ও মৎস্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ), পরিবেশ, বন ও মৎস্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
- ৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপোর ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার), কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা এবং
- ৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (নৌপরিবহন), প্রকৌশল শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।



M. M. Amin

২৭-০৩-২০২৪

মোহাম্মদ আলমগীর

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ, বন ও মৎস্য)